নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২
চৌয়ালা, নরসিংদী।
ISO 9001: 2015 CERTIFIED
E-mail: narsingdipbs2@yahoo.com
Web : http://pbs2.narsingdi.gov.bd/

স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৫.০২.০০৮.২৪. ৬৯০৭

তারিখ ১৬ অগ্রহায়ণ, ১৪৩১বঙ্গাব্দ
০১/১২/২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ "মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"**

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্তে সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনকারী ও অভিজ্ঞতা সম্পন্ন প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে স্ব-হস্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবোর্ড কর্তৃক জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে। | ০১। **ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে সন্তোষজনকভাবে মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন)/০৬(ছয়)/০৯(নয়) বৎসর সন্তোষজনক কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।**<br>০২। প্রার্থীর সর্বোচ্চ বয়স **আগামী ২২/১২/২০২৪ খ্রিঃ** তারিখে **সর্বোচ্চ ৫২ (বায়ান্ন)** বছরের মধ্যে হতে হবে।<br>০৩। **শিক্ষাগত যোগ্যতা- হিসেবে প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণী অথবা এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।**<br>০৪। নরসিংদী জেলার প্রার্থীগণ এবং কিশোরগঞ্জ জেলার ভৈরব, কুলিয়ারচর ও বাজিতপুর উপজেলার স্থায়ী বাসিন্দার প্রার্থী হিসেবে আবেদন করার প্রয়োজন নেই।<br>০৫। এছাড়াও নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ ইতিপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/নির্দিষ্ট মেয়াদ পূর্তির পূর্বে স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।<br>০৬। প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে।<br>০৭। সমিতির সাথে চুক্তির সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে।<br>০৮। যে সকল প্রার্থী ইতিপূর্বে অত্র সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) হিসাবে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।<br>০৯। আবেদনকারীকে গাণিতিক হিসাব-নিকাশে এবং সুন্দর হাতের লেখায় পারদর্শী হতে হবে।<br>১০। প্রার্থীকে সৎ,বিশ্বস্ত, ব্যক্তিত্ব সম্পন্ন, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>১১। কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার যদি অব্যাহিত প্রাপ্ত/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে দন্ডিত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন তা হলে সে সকল প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণকে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.narsingdi.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক প্রার্থী নিজ হাতে যথাযথভাবে পূরণ করে **আগামী ২২/১২/২০২৪ খ্রিঃ তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২, চৌয়ালা, নরসিংদী এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ আবেদনপত্র প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদাকাগজে/ সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ইতিপূর্বে কর্মরত পবিসের মোট চাকুরীকাল এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ এবং সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর নির্দেশনা অনুসরণ করা হবে । সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো'২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবোর্ড কর্তৃক জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে।

০৩। ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, নবম শ্রেণীর রেজিস্ট্রেশন ও প্রবেশপত্রের ফটোকপি সত্যায়িত, ইতিপূর্বে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ পত্র যা সংশ্লিষ্ট সর্বশেষ কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সাম্প্রতিক সময়ে সত্যায়িত, সম্প্রতি কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্র এবং স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে। পবিসের অভিজ্ঞতার সনদ ব্যতীত অন্যান্য সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়িত কপিতে সত্যায়নকারীর নাম, পদবী ও সীল স্পষ্টাক্ষরে থাকতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

# নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২

চৌয়ালা, নরসিংদী।

ISO 9001: 2015 CERTIFIED

E-mail: narsingdipbs2@yahoo.com
Web : http://pbs2.narsingdi.gov.bd/


০৪। **আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে** প্রার্থীর বয়স **সর্বোচ্চ ৫২** বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য অষ্টম শ্রেনী অথবা এসএসসি/সমমান পরীক্ষায় পাশের সনদ অথবা জাতীয় পরিচয় পত্র বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন,বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে। তবে কোন অবস্থাতেই নিয়োগ প্রাপ্তগণ নতুন চুক্তিতে **০৯ (নয়) বৎসরের অধিককাল অথবা ৫৫ (পঞ্চান্ন) বৎসরের বেশী (যেটি আগে আসে)** অত্র সমিতির চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের কেউ আবেদন করতে পারবেন না।

০৭। অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ/বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ করতে হবে।

০৮। দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল হবে।

০৯। ইতিপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত ছিলেন এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতীরেকেই তাৎক্ষণিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

১০। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী নিয়োগ প্রাপ্ত হলে চুক্তি বাতিলসহ তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ের কোন অসংগতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেওয়া হবে না।

১২। বাপবিবোর্ডের স্মারক নং- পবিবো/সচিব (বোঃ-সঃ-৪৯৪)/২০১৩/৫৩১, তারিখঃ-১৫/০১/২০১৩ খ্রিঃ মোতাবেক চলমান চুক্তি মেয়াদ শেষ হওয়ায় পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। খামের উপরে পদের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে অথবা এমনকি যোগদানের পরও প্রার্থীর প্রদত্ত তথ্যের কোন গরমিল পাওয়া গেলে এতদবিষয়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সম্পাদিত চুক্তি বাতিল করা যাবে। অসম্পূর্ণ ও ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৩/১২/২০২৪

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার
০১৭৬৯-৪০০০৫৭

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবোর্ড, ঢাকা।

সদয় অবগতির জন্য

০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,.......... পবিস - ১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, নরসিংদী।
০৮। ডিজিএম, শিবপুর/মরজাল/কুলিয়ারচর/মনোহরদী/নরসিংদী সদর/রায়পুরা জোঃ অঃ/সদর দপ্তর-কারিগরী, নরসিংদী পবিস-২।
০৯। এজিএম (ওএন্ডএম), করিমপুর/চরসুবুদ্ধি/সরারচর/বাঁশগাড়ী/বেলাব সাব-জোনাল অফিস, নরসিংদী পবিস-২।
১০। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন), নরসিংদী পবিস-২।
১১। এজিএম (আইটি-১/২), নরসিংদী পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**www.pbs2.narsingdi.gov.bd**), নরসিংদী পবিস-২।
১৩। অফিস কপি/মাস্টার কপি।

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিতঃ ১৭/০৪/২০১৪ খ্রিঃ
ফরম নং: পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ--------------

## নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে প্যানেলভূক্তি/ নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/ আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২
চৌয়ালা, নরসিংদী।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১ (২০২৪-২০২৫)

............................................
০২. আবেদনকৃত পদের নাম
( বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে )

০৩. পদের ধরণঃ চুক্তিভিত্তিক

০৪. বিজ্ঞাপনের সূত্র:-স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৫.০২.০০৮.২৪. ৬৯০৭

০৫. প্রকাশনার তারিখ:- ০১/১২/২০২৪ খ্রি:।

............................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

............................................
( আবেদনকারীর পূর্ণ নাম বড় হাতের অক্ষরে ইংরেজিতে )

............................................
০৭. জন্ম তারিখ
(অষ্টম শ্রেণি অথবা এসএসসি/সমমান পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

............................................
০৮. মাতার নাম

........./........./........... (দিন/মাস/বছর)
০৯. বয়স (২২/১২/২০২৪ খ্রিঃ তারিখে )

............................................
১০. পিতার নাম

....................................
১১. ধর্ম

............................................
১২. জাতীয়তা

....................................
১৩. নিজ জেলা

............................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ): প্রযোজ্য নহে।

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ................................ | ................................ | ................................ | ................................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ................................ | ................................ | ................................ | ................................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| অষ্টম শ্রেনী | | | | |
| এসএসসি/ সমমান | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে ):

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) :

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে বাপবিবোর্ড কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

.................................. তারিখ

...................................................... আবেদনকারীর স্বাক্ষর